Prudent management marks the affairs of Dinajpore Bank Ltd.—Hindusthan Standard.

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান,

"দিনাজপুর ব্যাঙ্ক লিঃ"

(সিডিউল্ড ও ক্লিয়ারিং)

হেড অফিস :— ১১, ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ :— জলপাইগুড়ি, রামপুরহাট, রায়গঞ্জ, জঙ্গিপুর, রাজসাহী, দিনাজপুর, পার্ব্বতীপুর, আলিপুর দুয়ার, ভবানীপুর (কলিকাতা)

স্থায়ী আমানতের বিবরণ স্থানীয় ম্যানেজারের নিকট জ্ঞাতব্য

Managing Director :—J. M. Sen.
Ex. M. L. C.

Registered
No. C. 853

জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

মণিগ্রামের প্রসিদ্ধ
কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
আবিষ্কৃত

সোণামুখী
কেশ তৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট। মূল্য প্রতি শিশি ১৲ টাকা

প্রাপ্তিস্থান—দশভুজা ঔষধালয়
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৯শে শ্রাবণ বুধবার ১৩৫৫ ইংরাজী 4th Aug. 1948 | ১২শ সংখ্যা

পণ্ডিত-প্রেস

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

সকল প্রকার ছাপার কাজের

নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

১৯০৭-১৯৪৭

'স্বদেশী যুগে'র প্রারম্ভে রবীন্দ্রনাথের পৈতৃক ভবন, জোড়াসাঁকোর সুপ্রসিদ্ধ ঠাকুরবাড়ীতে রবীন্দ্রনাথ প্রমুখ কয়েকজন দেশপ্রাণ মনীষী 'হিন্দুস্থান'-এর গোড়াপত্তন করিয়াছিলেন। তাঁহাদের উদ্দেশ্য ছিল,—জীবন-বীমার দ্বারা ব্যক্তি ও জাতির আর্থিক-উন্নতি সাধন করা। এ বিষয়ে 'হিন্দুস্থান' পূর্ব্বাপর দেশবাসীর নিকট হইতে সর্ব্বান্তরিক সহযোগিতা লাভ করিয়া আসিতেছে এবং গত ৪১ বৎসরের জন-সেবায় ইহা আজ ভারতের অন্যতম সর্ব্ববৃহৎ বীমা-প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। ১৯৪৭ সালের সোসাইটির অসামান্য সাফল্যেই তাহার পরিচয় পাওয়া যায়।

নূতন বীমা	...	১২ কোটি ৩১ লক্ষ টাকার উপর
মোট চল্‌তি বীমা	...	৫৫ ,, ৬৩ ,, ,, ,,
প্রিমিয়ামের আয়	...	২ ,, ৬১ ,, ,, ,,
বীমা তহবিল	...	১০ ,, ৬৩ ,, ,, ,,
মোট সংস্থান	...	১১ ,, ৬৪ ,, ,, ,,
দাবী শোধ [১৯৪৭]	...	প্রায় ৫৪ লক্ষ টাকা

কিন্তু হিন্দুস্থানের গর্ব্ব তাহার এই সকল কোটি কোটি টাকার অঙ্কে নহে, সে যে তাহার অকুণ্ঠ সেবা দ্বারা অসংখ্য পরিবারের অর্থসংস্থান করিয়া দিতে পারিতেছে, ইহাই তাহার প্রকৃত গর্ব্বের বিষয়।

হিন্দুস্থান কো-অপারেটিভ
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৯শে শ্রাবণ বুধবার সন ১৩৫৫ সাল

অঘটন-ঘটন-পটীয়সী শক্তি

—:০:—

অসম্ভব বিষয় সম্ভব করিতে যাহারা সমর্থ তাহাদের শক্তিকে অঘটন-ঘটন-পটীয়সী শক্তি বলে। সত্য চিরদিনই সত্য, মিথ্যা চিরদিনই মিথ্যা। আজকাল সত্যকে মিথ্যা, আর মিথ্যাকে সত্য বলিয়া প্রতিপন্ন করিতে যাহারা সমর্থ, তাহারাও উপরোক্ত শক্তি সম্পন্ন বলিয়া, নিরীহ লোক-দিগের ত্রাসের সহিত বিস্ময়ের সঞ্চার করিয়া, আত্মপ্রসাদ লাভ করিয়া থাকে। অবিলম্বেই হউক, আর বিলম্বেই হউক, যখন ইহাদের কারচুবি প্রকাশ হইয়া পড়ে, তখন যে পরিমাণ বাহবা পাইয়াছিল, তাহার বহুগুণ ধিক্কার পাইয়া থাকে। কিন্তু তাহাদের অপকর্ম্মের দরুণ সাধারণের যে ক্ষতি হয়, তাহা পূরণ হয় না।

আজ প্রায় এক বৎসর অতীত হইতে চলিল, ভারত স্বাধীন হইয়াছে। স্বাধীন হইবামাত্র নিজস্ব নিয়ম-পদ্ধতি প্রস্তুত করা বা তদনুসারে কার্য্য করা অসম্ভব বলিয়া, প্রথম প্রথম ইংরাজের দাগা বুলানো খুব দোষের নয়। আইনজ্ঞ প্রাচীন শাসক ও রাজকর্ম্মচারিবর্গ যথাপূর্ব্ব রাজকার্য্য চালা-ইয়া আসিতেছিলেন, তাহার উপর হাতুড়ে রাজনীতি-বিশারদ কতিপয় ব্যক্তিকে রাজকার্য্যে হস্তক্ষেপ করিতে দিয়া যে অঘটন সৃষ্টি হইয়াছে, তাহা বুঝিয়া রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্রপ্রসাদ কয়েকদিন হইল শাসনকার্য্যের বাধা অপসারণের জন্য যে নির্দ্দেশ দিয়াছেন, তাহাতে সকলেই তাঁহাকে ধন্য ধন্য করিতেছে। কিন্তু এই এক বৎসরের মধ্যে যে সব গলদ সৃষ্টি হইয়াছে, তাহা দূর করিবার উপায় কি? দৃষ্টান্ত স্বরূপ দুই একটী ব্যাপার উল্লেখ করিতেছি। ইংরেজের আমলে অনেক কালাবাজারী ধরা পড়িয়া দণ্ড পাইয়াছে। এদের পয়সার অভাব নাই। নূতন রাজ্যের নূতন সুযোগ লইয়া ইহারা এই সব রাজনীতিজ্ঞের স্তব স্তুতি করিয়াই হউক, আর ভোগরাগ দিয়াই হউক, সাবেক কলঙ্ক ঢাকিয়া সরকার বাহাদুর কর্ত্তৃক অনুমোদিত ব্যবসায়ী তালিকায় স্থান পাইয়া আজিও কালো বাজারকে বাঁচাইয়া রাখিয়াছে। এই সব তথাকথিত দেশহিতৈষীদের বুদ্ধিতে বুদ্ধি মিশাইয়া এদের চির অভ্যস্ত ফার্ম্মের নাম পরিবর্ত্তনরূপ "ফরমিউলা" প্রয়োগ করিয়া কংগ্রেস-ভক্ত সাজিয়া দেশের লোকের রক্ত শোষণ করিতে একটুও দ্বিধা বোধ করে না। এদের মুরুব্বিদের সাহায্যে "লুচিমল কচুরীমল" নাম বদলাইয়া "তরকারীমল খাট্টামল" হইল, তারপরই "দহিমল রাবড়িমল" নামধারণ করিতে ইতস্ততঃ করিল না। যে নামে ফৌজদারীতে দণ্ড পাইয়াছিল, সেই মানুষ ঠিকই আছে কেবল নাম পরিবর্ত্তন করিয়া বা একজনই একই সময়ে দুই নামে দুই কারবার চালাইয়া কোন বিপদ হইলেই কারবার গুটাইয়া "চম্পটরাম ভাগলুরাম" নাম লইয়া বাংলার বাইরে আবার "ধরমচাঁদ কৃপারাম" সাজিয়া বসিবে। নবাগত রাজপুরুষগণ এদের কুলের কথা জানেন না। ধাপ্পাবাজ রাজনীতিজ্ঞের সুপারিশ মত এই সব ব্যবসায়ীকে অনেক ব্যাপারে উন্নত স্থান দিয়া আসিয়াছেন ও আসিতেছেন। একটু বুদ্ধি খরচ করিলেই সুপারিশ-কারীর মিথ্যা কথন ধরিতে বিলম্ব হইত না। এঁদের একটী পরস্পর-গুণকীর্ত্তন-সমিতি (mutual admiration society) আছে। সভ্যগণ—এ বলে আমায় দেখ, ও বলে আমায় দেখ্। যখন কারো বাড়ী কাজ কর্ম্ম হয়, তখন কারো নেমন্তন্ন বাদ পড়িলেই একজন অন্যের জন্য সুপারিশ করে। কৃতী যদি সম্মত না হয়, তখন তার হাতে ধ'রে—আমার অনুরোধে একে বল্‌তেই হবে—এ রকম কথা ব্যবহার করতেও লজ্জা বোধ করে না। এমন মানুষও আছে—নিমন্ত্রণ ফর্দ্দের নীচে যদি কারো নাম থাকে, তখনই ফর্দ্দ-লেখকের কৈফিয়ৎ তলব করিতে দ্বিধা বোধ করে না। রাজপুরুষগণকে আমরা এখনও অনুরোধ করি—এদের সুপারিশে যাহারা উচ্চ স্থান পাইয়াছে, তাহাদের এবং ইহাদের পূর্ব্ব ইতিহাস ও বর্ত্তমান কার্য্য-পদ্ধতি (modus operandi) আবিষ্কার করিবার চেষ্টা করুন—দেখিবেন এক বৎসর ধরিয়া কেবল অন্ধকারেই ঘুরিয়াছেন।

পশ্চিম বঙ্গ স্বদেশরক্ষী সেনা বিভাগে লোক গ্রহণ

উক্ত বিভাগে প্রায় ২০০০ লোক গ্রহণ করা হইবে। প্রার্থিগণের সাধারণ লেখাপড়া জানা এবং বয়স ১০ হইতে ৪০ বৎসর হওয়া আবশ্যক। বিনা খরচে খাদ্য, পোষাক, বাসস্থান প্রভৃতি ছাড়া প্রার্থিদিগকে ২২৲+ ১২৷৷০ মাসিক বেতন দেওয়া হইবে। ভর্ত্তির সময় তাহারা সিপাহী পদবাচ্য হইবে।

প্রথম ক্ষেত্রে গভর্ণমেণ্ট ইউনিটের ভূত-পূর্ব্ব চাকুরিয়া দিগকে লওয়া হইবে। জুলাই মাসের শেষ সপ্তাহ হইতে ভর্ত্তি আরম্ভ হইয়াছে। প্রার্থিরা নিজ নিজ ডিসচার্জ-সার্টি-ফিকেট সহ অবিলম্বে নিম্ন ঠিকানায় আবেদন করুন।

স্বাঃ য়্যাসিস্ট্যাণ্ট পাবলিক রিলেসন্স অফিসার, সাব-রিজিওন্যাল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ ব্যারাকপুর।

বস্ত্র ও সূতা বিক্রয়

টেক্সটাইল কমিশনারের বিজ্ঞপ্তি

নয়াদিল্লী, ৩০শে জুলাই—ভারত গবর্ণ-মেণ্টের টেক্সটাইল কমিশনার কর্ত্তৃক অদ্য রাত্রে এখানে প্রচারিত এক 'বিজ্ঞপ্তিতে' বলা হইয়াছে যে, বয়নযন্ত্রবিহীন কোনও বস্ত্রোৎ-পাদক তাঁহার কারখানায় প্রস্তুত সূতা বা বস্ত্র অনুমোদিত ব্যক্তি ব্যতীত অন্য কাহারও নিকট বিক্রয় বা সরবরাহ করিতে পারিবেন না। কি কি সর্তে এবং কোন্ কোন্ ব্যক্তির নিকট উক্ত সূতা ও বস্ত্র বিক্রয় করা যাইবে টেক্সটাইল কমিশনার পরে তাহা নির্ধারণ করিয়া দিবেন।

তিনি আরও নির্দ্দেশ দিয়াছেন যে, উপরোক্তরূপ বস্ত্রোৎপাদকদিগকে বোম্বাই-স্থিত ভারত গবর্ণমেণ্টের টেক্সটাইল কমি-

শনের নিকট নিম্নোক্ত তথ্যসমূহ সরবরাহ করিতে হইবে :—

(১) বস্ত্রোৎপাদকের নিজের অথবা অন্য কাহারও খাতে এই বিজ্ঞপ্তি প্রকাশিত হইবার তারিখে খোলা বা প্যাক করা অবস্থায় যে মজুত বস্ত্র বা সূতা থাকিবে উহার বিবরণ ও পরিমাণ।

(২) ২০শে জুলাই হইতে ৩০শে জুলাই—এই ১১ দিনের মধ্যে কি পরিমাণ ও কি ধরণের বস্ত্র ও সূতা বিক্রয় করা হইয়াছে, সেই ক্রেতার নাম ধাম ও মূল্য সম্পর্কিত বিশদ বিবরণ।

নিলামের ইস্তাহার

চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ১৬ই আগষ্ট ১৯৪৮

১৯৪৮ সালের ডিক্রীজারী

২৯৬ খাং ডিঃ রমজান আলি বিশ্বাস দিং দেং বুধননেসা বিবি দাবি ২২৸/৯ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর কৃষ্ণপুর ২২ শতকের কাত ২॥/১২ গণ্ডা আঃ ১৫৲ খং ১৩১০ কোর্ফা স্বত্ব

৩২১ খাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং শ্যামলাল মণ্ডল মৃতান্তে ওয়ারিশ হেমন্তকুমার সরকার দিং দাবি ২২॥৵০ থানা সমসেরগঞ্জ মৌজে উমরাপুর ৫৯ শতকের কাত ২॥৶/৯ আঃ ৮৲ খং ১৮৩।১ রায়ত স্থিতিবান

৩০৯ খাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং শ্যামাপদ চৌধুরী দাবি ২৭৲ থানা ফরক্কা মৌজে বেওয়া ৭-৫০ শতকের কাত ১৫॥৯ আঃ ২৫৲ খং ১৯১

৩০৮ খাং ডিঃ ঐ দেং জানকীনাথ মণ্ডল দাবি ১৩॥৵৬ থানা ঐ মৌজে শ্রীমন্তপুর ৫১ শতকের কাত ১।৶/১১ পাই আঃ ১২৲ খং ২৩৬

৩১০ খাং ডিঃ ঐ দেং জানকী মণ্ডল দিং দাবি ৩৪৲ মৌজাদি ঐ ৮০ শতকের কাত ৪৸/০ আঃ ৩০৲ খং ৯৩২

৩২০ খাং ডিঃ ঐ দেং কুলেশচন্দ্র মণ্ডল দাবি ১৪॥৩ মৌজাদি ঐ ৪৪ শতকের কাত ১।৬ আঃ ১৪৲ খং ৫৯৩

১৯৪৭ সালের ডিক্রীজারী

২১৮ খাং ডিঃ মাতয়ালী মৌলবী মরতুজা রেজা চৌধুরী দিং দেং রঞ্জিত মণ্ডল দিং দাবি ৬২৸৵০ থানা ফরক্কা মৌজে সুদনা ৪॥৩৲১৫ জমির কাত ৬॥৵০ আঃ ৫০৲

১৯৪৮ সালের ডিক্রীজারী

২৬০ খাং ডিঃ বরদাচারী স্বামী দেং কুলফৎ বিবি দাবি ৯০৸/৯ থানা সাগরদীঘি মৌজে একরখি ৩-৫৩ শতকের কাত ১৪/৬ আঃ ৭০৲ রায়ত স্থিতিবান

৩০১ খাং ডিঃ সেবাইত রাজা প্রতিভানাথ রায় দেং সেখ মহম্মদ বদিওজ্জমান দাবি ৩০৵/৩ থানা সাগরদীঘি মৌজে নুরপুর ২-৯১ শতকের কাত ৪।৵০ আঃ ১০৲ খং ৬২

২৮৮ খাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং হানেফা বিবি নাবালিকা পক্ষে অলি জ্যেষ্ঠ ভ্রাতা ও স্বয়ং সালেমহাম্মদ সেখ দাবি ১৫৸৶০ থানা সাগরদীঘি মৌজে সাওড়াইল ৯ শতকের কাত ১।/১১ পাই আঃ ৫৲ খং ৩৬৬ রায়ত স্থিতিবান

২৮৯ খাং ডিঃ ঐ দেং যদুনাথ মণ্ডল দাবি ৭৸৶/৩ মৌজাদি ঐ ১০ শতকের কাত ।/৮ পাই আঃ ৫৲ খং ৩৭৮ ঐ স্বত্ব

২৯০ খাং ডিঃ ঐ দেং জুমেলা খাতুন বিবি দাবি ১২৶/৯ মৌজাদি ঐ ৩৭ শতকের কাত ১।৵/৩ আঃ ১০৲ খং ২১৬ ঐ স্বত্ব

২৯১ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭॥/৩ মৌজাদি ঐ ৪০ শতকের কাত ২৸/০ আঃ ১০৲ খং ৩৮৪ ঐ স্বত্ব

২৯২ খাং ডিঃ ঐ দেং আবদুল মইদ সেখ নাবালক পক্ষে অলি পিতা ও স্বয়ং আবদুল সাইদ সেখ দাবি ৪০।৶/৬ মৌজাদি ঐ ৭৬ শতকের কাত ৭৸৵০ আঃ ২০৲ খং ৮৮ ঐ স্বত্ব

২৯৩ খাং ডিঃ ঐ দেং অনাথবন্ধু চট্টোপাধ্যায় দাবি ৩২৵/৯ থানা ঐ মৌজে কোমড্ডা ২৪০ শতক জমি আঃ ২৫৲ খং ১০৮ অধিনস্থ খং ২৪১ ঐ স্বত্ব

২৯৪ খাং ডিঃ ঐ দেং রঞ্জনা বিবি দাবি ২৪৸৬ থানা ঐ মৌজে চণ্ডিগ্রাম ২-৪০ শতকের কাত ৭/১ আঃ ২০৲ খং ৬৬৯ ঐ স্বত্ব

৩১৫ খাং ডিঃ সেবাইত ও স্বয়ং মণিমোহন চৌধুরী দেং হরেন্দ্রনারায়ণ চৌধুরী দিং দাবি ১১/৩ থানা সাগরদীঘি মৌজে মাঠখাগড়া ৫৪ শতকের কাত ১।/১০ আঃ ৮৲ খং ৫৪৮ রায়ত স্থিতিবান

ঝুলনযাত্রা উৎসব

নশীপুর রাজবাড়ীতে ঝুলনযাত্রা উৎসব বিশেষ সমারোহের সহিত সম্পন্ন হয়। আগামী ৩০শে শ্রাবণ হইতে ৩রা ভাদ্র পর্য্যন্ত কলিকাতার বিখ্যাত যাত্রাদি হইবে। এতদুপলক্ষে সপ্তাহব্যাপী বিরাট মেলা হয়। উহাতে নানাপ্রকার শিল্পজাত দ্রব্যাদির আমদানি হয় ও নানাপ্রকার আমোদের সমাবেশ হয়।

ম্যানেজার, নশীপুর রাজ ওয়ার্ডস্ এষ্টেট।

(৫ম কলমের জের)

৩১৬ খাং ডিঃ ঐ দেং সরোজিনী চৌধুরাণী দাবি ২০৸৯ মৌজাদি ঐ ১-৩৬ শতকের কাত ৪৲১১ আঃ ১০৲ খং ৪৫৭ ঐ স্বত্ব

৩২২ খাং ডিঃ ঐ দেং আলেকজান বিবি দাবি ১২।৶/৬ মৌজাদি ঐ ৭৪ শতকের কাত ১॥৶/৯ আঃ ১০৲ খং ৪১৭ ঐ স্বত্ব

৩১৭ খাং ডিঃ দেবেন্দ্রনাথ সিংহ দিং দেং আবদুল খালেক দাবি ১৬।৵০ থানা সাগরদীঘি মৌজে উজালমানিক ৬-২০ শতকের কাত ২/৩ আঃ ১০৲ খং ১৩৯

৩১৮ খাং ডিঃ করিম সেখ দিং দেং সোলেমাম সেখ দাবি ২৯৵০ থানা সাগরদীঘি মৌজে রমণা সেখদীঘি ১০৩ শতকের কাত ৪॥০ আঃ ১৫৲ খং ৫১৪

২ রেহান ডিঃ রামব্রহ্ম ভট্টাচার্য্য দেং নৌসাদ মণ্ডল দিং দাবি ২৫০৸/৯ থানা সাগরদীঘি মৌজে বুধি ১-২৭ শতকের কাত ৩৸০ আঃ ১০০৲ খং ৬৪

১৪ মনি ডিঃ কৃষ্ণকিঙ্কর দে দিং দেং জোনাব সেখ দাবি ৪০।৵৬ থানা সাগরদীঘি মৌজে জিয়ানগর ৭ একর জমি আঃ ৩৫৲ খং ৪৯

১৫ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭৩।০ থানা ঐ মৌজে দক্ষিণগ্রাম ৯৬॥০ শতক জমি খং ২১০ ২নং লাট থানা ঐ মৌজে জিয়ানগর ১-১৩ শতক জমি খং ৪৮ আঃ ১নং ও ২নং লাটের ১৩৫৲

চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ৯ই আগষ্ট ১৯৪৮

১৯৪৮ সালের ডিক্রীজারী

২৬৫ খাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেং বিজয়কুমার সিংহ দিং দাবি ১২০৶০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাইস্কা ২-৩৪ শতকের কাত ১৫॥৶/২॥ আঃ ৫০৲ খং ২৪৫

সুলভ আয়ুর্ব্বেদীয় কুটীর

এই স্থানে আয়ুর্ব্বেদমতে তরুণ ও পুরাতন এবং বহুবিধ জটিল ব্যাধির চিকিৎসা হইয়া থাকে। যাঁহারা অন্যস্থানে চিকিৎসা করাইয়া কোনও ফল পান নাই সেই সব রোগীকে আমার চিকিৎসা পরীক্ষা করিতে অনুরোধ করি।

দি সম্ভার্ণ আয়ুর্ব্বেদিক কার্য্যালয় ও বিদ্যালয়
হইতে উপাধিপ্রাপ্ত
কবিরাজ শ্রীবৈদ্যনাথ চক্রবর্ত্তী,
এম, আয়ুর্ব্বেদজ্ঞ
গাজিন, পোঃ রঘুনাথপুর, (মুর্শিদাবাদ)

হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
মূল্য ছয় পয়সা
পণ্ডিত প্রেসে পাইবেন।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

সুরবল্লী

যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।



সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত